# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 24.09.2024** **Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১) ডিভিসি অপরিকল্পিতভাবে জল ছাড়ায় দক্ষিণবঙ্গে বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে অভিযোগ করে মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রীকে চিঠি দেওয়ার পর রাজ্যপালের দফতর থেকে বন্যা মোকাবিলায় কেন্দ্রের বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বার্তা দেওয়া হয়েছে।

এদিকে, ডিভিসি ফের জল ছাড়লে রাজ্যে আবারও বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে আশঙ্কা প্রকাশ করে মুখ্যমন্ত্রী প্রশাসনকে সতর্ক করে দিয়েছেন।

২) সবজির দাম নিয়ন্ত্রণে রাখতে এবার পুজোয় দু-দিন ছাড়া বাকি দিনগুলিতে খোলা থাকবে সুফল বাংলার স্টল।

৩) রাজ্য মেডিকেল কাউন্সিলে ব্যাপক দুর্নীতির অভিযোগ জানিয়ে ডাক্তারদের সংগঠনের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ্ ডক্টর্স অবিলম্বে তা ভেঙে দেওয়ার দাবি জানিয়েছে।

৪) গরু পাচার মামলায় জামিনে মুক্ত অনুব্রত মন্ডল তিহার জেল থেকে ছাড়া পেয়েছেন। এই মামলায় জামিন পেলেন এনামূল হকও।

৫) আলিপুর চিড়িয়াখানার দেড়শো বছর পূর্তি হচ্ছে আজ।

৬) আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট, নর্থ ইস্ট ইউনাইটেডকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারের সংস্থা ডিভিসি অপরিকল্পিত ভাবে জল ছাড়ায় দক্ষিণবঙ্গে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে অভিযোগ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ২ বার চিঠি দেওয়ার পরে, রাজ্যপাল সিভি আনন্দ বোসের দফতর থেকে গতকাল পশ্চিমবঙ্গ-সহ কয়েকটি রাজ্যে বন্যা মোকাবিলায় কেন্দ্রের বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বার্তা দেওয়া হয় ।

রাজভবনের ওই বার্তায় ডিভিসি বিতর্ক-এর কোন উল্লেখ না থাকলেও রাজ্য সরকার এবং বন্যাদুর্গত এলাকার বাসিন্দাদের 'করণীয়' সম্পর্কে একাধিক বিষয় চিহ্নিত করা হয়েছে।

রাজ্যে সাম্প্রতিক বন্যার প্রেক্ষিতে সরকার এবং জনসাধারণকে, জীবন এবং সম্পত্তির ওপর বন্যার প্রভাব কমানোর জন্য সংশ্লিষ্ট পদক্ষেপগুলি মেনে চলার আহ্বানও জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

এদিকে ডিভিসি ফের জল ছাড়লে রাজ্যে নতুন করে বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে আশঙ্কা প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী প্রশাসনকে সতর্ক করে দিয়েছেন। বন্যা কবলিত পূর্ব বর্ধমান সফরকালে তিনি গতকাল দুর্গাপুর ব্যারেজ সংলগ্ন সীতারামপুর মানা এলাকায় দুর্গতদের সঙ্গে দেখা করেন, তাদের হাতে তুলে দেন ত্রাণ সামগ্রী। পরে দুর্গাপুর যুব আবাসে সাংবাদিকদের বলেন, বন্যায় যাদের মাটির বাড়ি ভেঙে গেছে, তারা যাতে সরকারী প্রকল্পে বাড়ি পায় তা নিশ্চিত করার পাশাপাশি বানভাসিদের পর্যাপ্ত ত্রাণ পৌঁছে দেওয়ার বিষয়টিও সুনিশ্চিত করতে হবে। আপৎকালীন পরিস্থিতিতে ত্রাণ শিবিরগুলি চালু রাখারও নির্দেশ দেন তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

বর্ধমান থেকে মুখ্যমন্ত্রী যান লাগোয়া বাকুড়ার বড়জোড়া এলাকায়। সেখানে ত্রাণ শিবিরে দুর্গতদের সঙ্গে কথা বলেন তিনি। দুর্গাপুর সার্কিট হাউসে রাত্রিবাসের পর আজ তাঁর বোলপুরে প্রশাসনিকসভা করার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে মানুষের সঙ্গে প্রতারণা করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল ঘাটালে বন্যা কবলিত এলাকা পরিদর্শন করে খাবার ও ত্রাণ বিতরণ করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন,মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং পূর্বতন বাম সরকারের জন্য ঘাটাল মাস্টার প্ল্যান বাস্তবায়িত হয়নি। মুখ্যমন্ত্রীর সদিচ্ছা থাকলে সাড়ে তেরো বছরেই তিনি এই মাস্টার প্ল্যান এর কাজ সম্পূর্ণ করতেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার বিভিন্ন এলাকায় ভাগীরথি নদীর জল ছাপিয়ে সড়কের উপর দিয়ে বইতে থাকায় বেশ কিছু এলাকায় সড়ক পথে যাতায়াত বন্ধ । এরফলে শান্তিপুর ,নাকাশিপাড়া সহ বিভিন্ন এলাকায় বাসিন্দাদের যাতায়াতে সমস্যায় পড়তে হচ্ছে। এই অবস্থায় জেলার সমষ্টি উন্নয়ন আধিকারিকদের সাধারণ মানুষের যাতায়াতের জন্য প্লাবিত এলাকায় নৌকা পরিষেবা দিতে বলা হয়েছে বলে অতিরিক্ত জেলা শাসক সৈকত গাঙ্গুলী জানিয়েছেন ।

এদিকে কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর গতকাল চাদুরিয়ায় বন্যা কবলিত এলাকা ঘুরে দেখেন।

পরে তিনি কল্যানী 14 নম্বরে একটি বৃদ্ধাশ্রমে গিয়ে সেখানকার বৃদ্ধ-বৃদ্ধাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। পুজোর আগে তাদের হাতে কাপড় তুলে দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও দক্ষিণ মায়ানমার উপকূলে সৃষ্ট দুটি ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও পার্শ্ববর্তী এলাকায় নিম্নচাপের জেরে আগামী রবিবার ২৯-শে সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কিছু কিছু জায়গায় ভারী বৃষ্টিরও পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা।

আজ দুই ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া, হুগলী ও ঝাড়গ্রামে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সঙ্গে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

oooooooooooooooooooooo

সবজির দাম নিয়ন্ত্রনে রাখতে এবার পুজোয় ২ দিন ছাড়া বাকি দিনগুলিতে খোলা থাকবে সুফল বাংলার স্টল। অন্যান্যবার পুজোর সময়ে তা বন্ধ রাখা হয়। পাশাপাশি বন্যা কবলিত জেলাগুলোতে যাতে সবজির দাম না বাড়ে, তাই পাশের জেলা থেকে পর্যাপ্ত পরিমাণ সবজি পাঠানো হচ্ছে।

নবান্নে গতকাল সবজির দাম নিয়ন্ত্রনে রাখার জন্য তৈরি টাস্ক ফোর্সের সঙ্গে বৈঠকে বসেছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ। সেই বৈঠকেই সিদ্ধান্ত হয়েছে, নবমী, দশমী ছাড়া পুজোর সময়ে আর কোনওদিন সুফল বাংলার স্টল বন্ধ থাকবে না।

বন্যার জন্য সবজির দাম বাড়ানোর যুক্তি সঠিক নয় বলে জানিয়েদিয়েছেন মুখ্যসচিব। কলকাতা ও সংলগ্ন এলাকায় সবজি আসে মূলত উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা,নদিয়া, কালনা,কাটোয়া, মুর্শিদাবাদ জেলা থেকে। এইসব জেলায় বন্যা হয়নি। তাই দাম বাড়ার প্রশ্নই নেই। তাসত্ত্বেও মানিকতলা, গড়িয়াহাট, হাতিবাগানের মতো বেশ কিছু বাজারে সবজির দাম বেশি নেওয়া হচ্ছে। সেসব জায়গায় টাস্ক ফোর্সকে কড়া ব্যবস্থা নিতে বলা হয়েছে। সুফল বাংলার স্টল আরও বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কলকাতার পাশাপাশি হাওড়া, বিধাননগর, বারাসতেও সুফল বাংলার স্টল বাড়ানো হবে।

এখন চাষীদের থেকে সরাসরি সবজি কিনে সুফল বাংলায় বিক্রি করা হচ্ছে। তাই এই মুহুর্তে কাচা আনাজের দাম কোথাও বাড়েনি বলেই বৈঠকে সদস্যরা জানিয়েছেন। একমাত্র পিঁয়াজের দাম বেড়েছে। নাসিক থেকে পিঁয়াজ আমদানি করার ক্ষেত্রে সমস্যা দেখা দেওয়ায় কিছুটা দাম বেড়েছে। তবে বর্ধমান, হুগলি, মুর্শিদাবাদ থেকে স্থানীয় পিঁয়াজ আনা হচ্ছে কলকাতার বাজারে। সুফল বাংলায় ৪৫ টাকা কেজি দরে পিঁয়াজ বিক্রি করা হচ্ছে। আলু ২৭ টাকা দামেই বিক্রি হচ্ছে।

কোথাও সবজির দাম যাতে না বাড়ে সেদিকে কড়া নজর রাখতে বলা হয়েছে এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে। বন্যার নামে কৃত্রিমভাবে কোথাও কোথাও সবজির দাম বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। যেখানে এধরনের চেষ্টা হচ্ছে সেখানে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এবং টাস্কফোর্স অভিযান চালাচ্ছে বলেই নবান্ন সূত্রে খবর।

oooooooooooooooooooooo

রাজ্য মেডিক্যাল কাউন্সিলে ব্যাপক দুর্নীতি ও বেআইনি কাজের অভিযোগ জানিয়ে ডাক্তারদের সংগঠনের যৌথ মঞ্চ - জয়েন্ট প্লাটফর্ম of Doctors, West Bengal অবিলম্বে West Bengal Medical Council ভেঙে দেওয়ার দাবি জানিয়েছে। জয়েন্ট প্লাটফর্ম of Doctors ও প্রোটেক্ট দ্য ওয়ারিওর এর এক যৌথ প্রতিনিধি দল গত সন্ধ্যায় রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম এর সঙ্গে সাক্ষাৎ করে মেডিক্যাল কাউন্সিল ভেঙে দেওয়ার দাবি জানান। তাঁরা বলেন, এই মেডিক্যাল কাউন্সিলের সদস্যদের একজন প্রয়াত। পাঁচজন পদত্যাগ করেছেন বলে খবরে প্রকাশ , আরও একজন অপরাধমূলক কাজের সঙ্গে যুক্ত বলে বহিষ্কৃত। এছাড়া সভাপতি সহ একাধিক সদস্য, যার মধ্যে সরকার মনোনীতরাও আছেন তারা কেন্দ্রীয় তদন্ত সংস্থার নিয়মিত জেরার মুখে ।

যৌথ প্রতিনিধি দল স্বাস্থ্য সচিব কে আরও বলে, কাউন্সিলের কাজ কর্মের ধারা নিয়ে প্রশ্ন উঠেছে। রেজিস্ট্রারের নিয়োগ ও অবসরের পর এক্সটেনশন বেআইনি ও নিয়মবিরুদ্ধ বলে প্রাথমিক তথ্য প্রমাণ পাওয়া যাচ্ছে। তাই এই কাউন্সিলের বৈধতা ও রেজিস্ট্রারের পদে থাকার নৈতিক অধিকার নেই ।

স্বাস্থ্যসচিব আইন কানুন খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপের আশ্বাস দিয়েছেন বলে প্রতিনিধি দলের তরফে জানানো হয়। তবে শুধু মৌখিক আশ্বাস নয় , সঠিক পদক্ষেপ না নেওয়া হলে আগামী দিনে তারা বৃহত্তর আন্দোলনে শামিল হবে বলেও প্রতিনিধি দলের তরফে হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনায় CBI গতকাল পানিহাটির তৃণমূল কংগ্রেস বিধায়ক **নির্মল ঘোষ-কে** CGO কমপ্লেক্সে জেরা করে । প্রায় ৭ ঘণ্টা চলে এই জিজ্ঞাসাবাদ পর্ব। বেরনোর সময় বিধায়ক জানান, তিনিও এই ঘটনায় ন্যায় বিচার চান।

(বাইট – নির্মল)

নির্যাতিতার বাবা-মা তাঁর দেহ সংরক্ষণ বা আবার ময়নতদন্তের কথা বললে তিনি সেই ব্যবস্থা করতে বলেও বিধায়ক জানান। কিন্তু তারা তা বলেননি। আর জি কর ইস্যুতে আন্দোলনের রাস এখন সাধারণ মানুষের হাতে বলেও তিনি মন্তব্য করেন।

৯-ই আগস্ট ওই তরুণী চিকিৎসকের খুনের ঘটনা প্রকাশ্যে আসার দিন সকালে নির্মল ঘোষ, RG Kar-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের সঙ্গে বৈঠক করেন বলে খবরে প্রকাশ।

মর্গের সামনেও তাকে দেখা যায়। এমনকি তড়িঘড়ি শেষকৃত্যেও ওই বিধায়কের বড় ভূমিকা ছিল বলে অভিযোগ।

ময়না তদন্তকারী চিকিৎসক অপূর্ব বিশ্বাসকে গতকালেও সিজিও কমপ্লেক্সে জেরা করা হয়। তাঁর বক্তব্যে চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ভয়ঙ্কর ঘটনা ধামাচাপা

দেবার চেষ্টা নিয়ে সন্দেহ আরো জোরালো হয়ে উঠেছে। সাংবাদিকদের তিনি জানিয়েছিলেন, দ্রুত ময়নাতদন্ত শেষ করার জন্য চাপ দেওয়া হয়েছিল তাঁকে।

এদিকে, নির্যাতিতার প্রতিবেশী, পানিহাটি পুরসভার প্রাক্তন কাউন্সিলার সঞ্জীব মুখোপাধ্যায়, তাঁর বিরুদ্ধে এই ব্যাপারে আনা অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছেন। গতকাল সাংবাদিকদের তিনি বলেন, হাসপাতালে ময়নাতদন্ত হবে কি হবে না, তা কখনোই তার কথার ওপর নির্ভর করে হয়নি। ময়নাতদন্তকারী যে চিকিৎসক তার বিরুদ্ধে অভিযোগ করেছেন, তাকেও তিনি চেনেন না।

oooooooooooooooooooooooo

এদিকে, নির্যাতিতার বাবা-মা দাবি করেছেন, পানিহাটি পুরসভার প্রাক্তন কাউন্সিলার সঞ্জীব মুখোপাধ্যায় তাদের প্রতিবেশী হওয়ায় মেয়ের মৃত্যু খবর পেয়ে তাঁরা তাঁকে হাসপাতালে আসতে বলেছিলেন। তবে, মেয়ের ময়নাতদন্ত নিয়ে কোন চিকিৎসকের সঙ্গে তাঁকে কথা বলতে বলেননি তারা। গতকাল বিকেলে সাংবাদিকদের নির্যাতিতার বাবা-মা বলেন,

( বাইট – বাবা)

বর্তমান কাউন্সিলার সোমনাথ দে-কেও তারা হাসপাতালে যেতে বলেছিলেন। তবে, ময়নাতদন্ত নিয়ে কোন তড়িঘড়ি ছিল না। মেয়ের দেহ তারা দাহ করতে চাননি। পানিহাটির শ্মশানের নথিতে সঞ্জীবের সই নিয়েও তারা কিছু জানেন না। তবে, তিনি ও সঞ্জীববাবু মিলেই টালা থানায় এফ আই আর করেছিলেন বলে নির্যাতিতার বাবা জানিয়েছেন।

oooooooooooooooooooooooo

লক্ষীদের সুরক্ষা না দিয়ে লক্ষীর ভান্ডার করে কোন লাভ নেই বলে রাজ্য বিজেপি সভাপতি , কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন । তিনি গতকাল কোচবিহারের হলদিবাড়িতে আর জি কর কান্ডের প্রতিবাদে আয়োজিত বিজেপির এক সভায় রাজ্য সরকারকে তীব্র আক্রমন করেন। তিনি এও বলেন যদি তথ্য প্রমান থাকে তবে সি বি আই এর উচিত মুখ্যমন্ত্রীকে ডেকে জিজ্ঞাসাবাদ করা।

সভায় বিজেপির জলপাইগুড়ি জেলা সভাপতি বাপি গোস্বামী পুলিশকে তীব্র ভাষায় আক্রমণ করেন। সভার আগে হলদিবাড়িতে একটি মিছিল করে বিজেপি। সুকান্ত মজুমদার ছাড়াও উপস্থিত ছিলেন সাংসদ জয়ন্ত রায় প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

গরু পাচার মামলায় জামিন পাওয়ার পরে তৃনমূল কংগ্রেস নেতা অনুব্রত মণ্ডল দিল্লির তিহার জেল থেকে ছাড়া পেয়েছেন। প্রায় দেড় বছর পর জামিনে মুক্ত অনুব্রতকে গতরাতে জেল থেকে ছাড়ার সময় সেখানে উপস্থিত ছিলেন তাঁর কন্যা সুকন্যা ও। কিছুদিন  আগেই সুকন্যা ও এই মামলায় ছাড়া পান তিহার জেল থেকেই। রাত ৯টা ৪০মিনিট নাগাদ বাবা-মেয়ে জেল থেকে  গাড়িতে করে ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে রয়না হয়ে যান। । রাতের উড়ানেই অবতরন করেন কলকাতা বিমানবন্দরে।

আজ তাঁদের বীরভূমে ফেরার কথা।

উল্লেখ্য, ২০২২ সালের ১১ অগস্ট বোলপুরের নিচুপট্টির বাড়ি থেকে অনুব্রতকে গ্রেফতার করে সিবিআই। তার পর থেকে বীরভূম জেলা তৃণমূলের প্রাক্তন সভাপতি জেলবন্দি ছিলেন। প্রথমে আসানসোল সংশোধনাগারে তাঁকে রাখা হয়েছিল। পরে ইডির মামলায় দিল্লির তিহার  জেলে নিয়ে যাওয়া হয় তাঁকে । ২০২৩ সালের ২১ মার্চ থেকে সেখানেই  বন্দি ছিলেন তিনি।

অন্যদিকে ২০২৩ এ  গরু পাচার মামলাতেই কন্যা সুকন্যাকেও গ্রেফতার করে ইডি। তার পর তিনিও ছিলেন  তিহারেই।

এদিকে অনুব্রত মণ্ডলের পর এবার গরুপাচার মামলায় জামিন পেলেন এনামুল হক। ইডির মামলায় শীর্ষ আদালত গতকাল  তাঁকে জামিন মঞ্জুর করে। ।

এনামুলের আইনজীবী মুকুল রোহতগি  তাঁর জামিন চেয়ে শীর্ষ আদালতে সওয়াল করেন

ইডি বিরোধিতা করলেও তা খারিজ করে দেয় সুপ্রিম কোর্ট।

সিবিআইয়ের মামলায় আগেই জামিন পান তিনি।

উল্লেখ্য , গরু পাচার মামলায় প্রায় আড়াই বছর জেলবন্দি ছিলেন এনামুল হক।

এই মামলায় এখন শুধুমাত্র অনুব্রতর দেহরক্ষী সায়গল হোসেনই তিহারে জেলবন্দি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৩-২ গোলে নর্থ ইস্ট ইউনাইটেডকে হারিয়ে দিয়েছে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গত রাতে এক উত্তেজনাপূর্ণ ম্যাচে এই জয়ের সুবাদে মোহনবাগান ২ ম্যাচে চার পয়েন্ট পেয়ে পয়েন্ট তালিকায় চতুর্থ স্থানে উঠে এলো। সমসংখ্যক ম্যাচে ৩ পয়েন্ট পেয়ে নর্থ ইস্ট এর স্থান সপ্তম ।

খেলার চতুর্থ মিনিটেই মহম্মদ আলি বেমারারের গোলে নর্থ ইস্ট এগিয়ে যায়। ১০ মিনিটে মোহনবাগানের হয়ে সমতা ফেরান দীপেন্দু বিশ্বাস। ২৪ মিনিটে নর্থ ইস্টের হয়ে দ্বিতীয় গোল করে ব্যবধান বাড়ান আলেদিন আজারেই। দ্বিতীয়ার্ধে ম্যাচের ৬১ মিনিটে মোহনবাগানের হয়ে দ্বিতীয় গোল করেন শুভাশীষ বোস। ৮৭ মিনিটে সবুজ মেরুনের হয়ে তৃতীয় গোল করে দলের জয় সুনিশ্চিত করেন জেসন কামিংস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০